গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও সংস্থাসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | : | ১১-০৩-২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০টা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ বীরমুক্তিযোদ্ধার আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর সভাপতি সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) ২৫ মার্চ ২০২৪ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি এবং উক্ত কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্ভাব্য কর্মসূচি পাঠ করে শোনান।। আসন্ন ২৫ মার্চ ২০২৪ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর-সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযোগ্য মর্যাদায় স্ব-স্ব উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা | ২৫-০৩-২০২৪ সুবিধাজনক সময়ে | দপ্তর/সংস্থার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্বাস্থ্যবিধি মেনে স্মৃতিচারণ ও আলোচনা সভা করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ২. | গণহত্যার উপর প্রামাণ্য চিত্র | ২৫-০৩-২০২৪ সুবিধাজনক সময়ে | সকল দপ্তর/সংস্থার আওতাধীন শিক্ষা-প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৩. | বিশেষ মোনাজাত/প্রার্থনা | ২৫-০৩-২০২৪ তারিখ বাদ জোহর/সুবিধাজনক সময়ে | ২৫ মার্চ ১৯৭১ রাতে নিহতদের স্মরণে দপ্তর/সংস্থার আওতাধীন মসজিদে/ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করবে। | সকল দপ্তর/সংস্থা |

E:\শোক দিবস ও স্বাধীনতা দিবস রেজুলেশন.docx

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | প্রতীকি ব্ল্যাক-আউট | ২৫-০৩-২০২৪ (রাত ১০.০০ থেকে ১০.০১ মিনিট পর্যন্ত) | দপ্তর/সংস্থার নিজস্ব স্থাপনাসমূহে (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৫. | জাতীয় পতাকা উত্তোলন | ২৬-০৩-২০২৪ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা বিধি, ১৯৭২ অনুসারে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬. | আলোকসজ্জা ও পতাকা দ্বারা সজ্জিতকরণ | ২৬-০৩-২০২৪ তারিখ সন্ধ্যা থেকে | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে দপ্তর-সংস্থা তাদের ভবন/স্থাপনাগুলোতে আলোকসজ্জা করবে এবং বিভিন্ন নৌযানসমূহ জাতীয় পতাকা দ্বারা সজ্জিত করবে। **তবে, ২৫-০৩-২০২৪ খ্রি: তারিখ দিবাগত রাতে কোন আলোকসজ্জা করা যাবে না।** | সকল দপ্তর/সংস্থা |
| ৭. | নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন | ২৬-০৩-২০২৪ | জেলা প্রশাসন ঢাকা, বরিশাল ও চাঁদপুর, ফায়ার সার্ভিস এবং সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় করে বর্ণিলভাবে নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ |
| ৮. | দেশাত্মবোধক সংগীত | ২৬-০৩-২০২৪ | সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌপথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, নৌপরিবহন অধিদপ্তর |
| ৯. | জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | ২৬-০৩-২০২৪ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর, পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ ২৬/০৩/২০২৪ তারিখ বেলা ২.০০ টা থেকে সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত থাকবে। এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | বিআইডব্লিউটিএ, ও বন্দর কর্তৃপক্ষসমূহ |
| ১০. | শিশুপার্ক/ইকোপার্ক | ২৬-০৩-২০২৪ | বিআইডব্লিউটিএ'র ০৪টি শিশুপার্ক/ইকোপার্ক শিশুদের জন্য বিকাল ৪.০০ টা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা। | বিআইডব্লিউটিএ |
| ১১. | চিত্রাঙ্কন/রচনা/ বিতর্ক/কুইজ/ ক্রীড়া প্রতিযোগিতা, ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | ২৬-০৩-২০২৪ সুবিধাজনক সময়ে | প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br>এছাড়া, (১) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব ও দেশের উন্নয়ন" বিষয়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও মোংলা বন্দর কর্তৃপক্ষ<br>মেরিন একাডেমীসমূহ<br>এন.এম.আই |
| ১২. | আলোচনা সভা | সুবিধাজনক তারিখ/সময়ে | বিষয়: **"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন"**<br>স্থান: **বিআইডব্লিউটিএ'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তন, মতিঝিল, ঢাকা।**<br>তারিখ ও সময়: **প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করা হবে।**<br>প্রধান অতিথি: **মাননীয় প্রতিমন্ত্রী , নৌপরিবহন মন্ত্রণালয়**<br>বিশেষ অতিথি: **প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করা হবে।** | সকল দপ্তর-সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উন্নতমানের ইফতার ও খাবার পরিবেশন | ২৬-০৩-২০২৪ সন্ধ্যা/রাত | দপ্তর-সংস্থার আওতাধীন হাসপাতাল, শিশু দিবাযত্ন কেন্দ্র অথবা যেকোন কল্যাণকামী কেন্দ্রে ২৬/০৩/২০২৪ তারিখ উন্নতমানের ইফতার/রাতের খাবার পরিবেশন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১৪. | বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা | ২৬-০৩-২০২৪ | দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীর বীর মুক্তিযোদ্ধা পিতা-মাতা (যদি থাকে) এবং অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীকে সংবর্ধনা প্রদান করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

- **পবিত্র রমজান মাসের পবিত্রতা রক্ষা করে সকল অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।**

০৩। ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
১১/০৩/২০২৪
মো: মোস্তফা কামাল
সিনিয়র সচিব

নং-১৮.০০.০০০০.০৪৩.২৩.০০৩.২৩. ১৫৭

তারিখ: ২৮ ফাল্গুন, ১৪৩০ বঙ্গা:
১২ মার্চ, ২০২২খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে):

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কম্যান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/পীরগঞ্জ, রংপুর/বরিশাল সদর, বরিশাল/সিলেট সদর, সিলেট/বেড়া, পাবনা।
৬। কম্যান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/পীরগঞ্জ, রংপুর/বরিশাল সদর, বরিশাল/সিলেট সদর, সিলেট/বেড়া, পাবনা।
৭। মাননীয় প্রতিন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮। উপসচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৩। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি:

১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
২। যুগ্মসচিব/অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১২।৩।২৪
(মো: আলাউদ্দিন)
সহকারী সচিব (প্রশাসন-২)